C/16/D.D.E./M.A./Part-I/Beng./1

২০১৬

বাংলা

প্রথম পত্র

পূর্ণমান ঃ ১০০

সময় ঃ ৪ ঘন্টা

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক।

পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দেওয়া প্রয়োজন।

প্রথমার্ধ

[মান—৫০]

১। 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যটির সাধারণ পরিচয় দাও এবং বাংলা ভাষা ও সাহিত্যের ইতিহাসে কাব্যটির গুরুত্ব পর্যালোচনা করো। ৮+৮

অথবা

বিদ্যাপতিকে মধ্যযুগের 'কবি সার্বভৌম' অভিধা দানের কারণ কী? অবাঙালী এই কবি বাংলা সাহিত্যে চর্চিত হল কেন? বৈষ্ণব পদাবলী সাহিত্যকে তিনি কীভাবে সমৃদ্ধ করেছেন? ৩+৫+৮

(Turn Over)

২। বাংলা মঙ্গলকাব্যগুলি সৃষ্টির প্রেক্ষিত সম্পর্কে আলোচনা করো। ধর্মমঙ্গল কাব্যকে 'রাঢ়ের জাতীয় মহাকাব্য' অভিধায় অভিহিত করার কারণ কী? এবং তা কতদূর যুক্তিসঙ্গত? ৬+৫+৫

অথবা

বাংলা সাহিত্যের ইতিহাসে অষ্টাদশ শতাব্দীকে অবক্ষয়ের যুগ বলা হয় কেন? এই যুগের বিশিষ্ট সাহিত্যকীর্তিগুলির পরিচয় দাও। ৪+১২

৩। চৈতন্য রেনেশাঁস বলতে কী বোঝ? মধ্যযুগের বাংলা সাহিত্যে চৈতন্যের প্রভাব সম্পর্কে আলোচনা করো। ৬+১২

অথবা

টীকা লেখো (যে কোনো *তিনটি*) ঃ ৩×৬

(ক) কৃত্তিবাসের আত্মবিবরণী ;

(খ) প্রাকৃত পৈঙ্গল ;

(গ) শ্রীকৃষ্ণবিজয় ;

(ঘ) গোরক্ষবিজয় ;

(ঙ) মহারাষ্ট্র পুরাণ ;

(চ) সদুক্তিকর্ণামৃত।

দ্বিতীয়ার্ধ

[মান—৫০]

৪। বাংলা গদ্যসাহিত্যের বিকাশে বিদ্যাসাগরের অবদান পর্যালোচনা করো। ১৬

অথবা

বাংলা সাহিত্যের বিকাশে বাংলা সংবাদপত্র ও সাময়িক পত্রের ভূমিকা পর্যালোচনা করো। ১৬

৫। বিহারীলাল চক্রবর্তীর কবি-স্বভাব বিশ্লেষণ করে উনিশ শতকের বাংলা কবিতার ধারায় তাঁর দান সম্পর্কে আলোচনা করো। ৬+১০

অথবা

মধুসূদনের নাট্যকৃতির পরিচয় দাও এবং বাংলা নাট্যসাহিত্যের ইতিহাসে তাঁর গুরুত্ব বিচার করো। ১০+৬

৬। রবীন্দ্র কাব্য সাহিত্যের বিবর্তনের একটি সংক্ষিপ্ত ইতিবৃত্ত রচনা করো। ১৮

অথবা

টীকা লেখো (যে-কোনো *তিনটি*) : ৩×৬

(ক) সখের নাট্যশালা ;

(খ) রামেন্দ্রসুন্দর ত্রিবেদী ;

(গ) রোমান্স ও উপন্যাস ;

(ঘ) চেতনা প্রবাহী উপন্যাস ;

(ঙ) মহাকাব্য ;

(চ) প্রহসনকার অমৃতলাল।

———